BENGALI EDITION
GLOBAL HISTORY AND GEOGRAPHY II
WEDNESDAY, JUNE 18, 2025
9:15 A.M. TO 12:15 P.M., ONLY

The University of the State of New York

**REGENTS HIGH SCHOOL EXAMINATION**

# বৈশ্বিক ইতিহাস এবং ভূগোল II

**বুধবার,** 18 জুন, 2025 — 9:15 a.m. থেকে 12:15 p.m. পর্যন্ত শুধু

শিক্ষার্থীর নাম ______________________________________________

স্কুলের নাম ______________________________________________

**এই পরীক্ষার সময় যেকোনো রকমের যোগাযোগকারী ডিভাইস রাখা বা ব্যবহার করা কঠোরভাবে নিষিদ্ধ। যদি আপনার কাছে কোনো যোগাযোগকারী ডিভাইস থাকে বা ব্যবহার করেন, তাহলে সেটা যত কম সময়ই কাছে থাকুক বা ব্যবহার করে থাকুন না কেন, আপনার পরীক্ষা বাতিল করা হবে এবং কোনো নম্বর দেওয়া হবে না।**

উপরের লাইনগুলোতে আপনার নাম ও আপনার স্কুলের নাম লিখুন। আপনাকে একটি আলাদা উত্তরপত্র প্রদান করা হয়েছে। আপনার উত্তর-পত্রের শিক্ষার্থী সম্পর্কিত তথ্য সম্পন্ন করার জন্য প্রক্টরের দেওয়া নির্দেশাবলী অনুসরণ করুন। তারপর আপনার রচনা পুস্তিকার প্রতিটি পৃষ্ঠার শিরোনাম পুরণ করুন।

এই পরীক্ষাটির তিনটি অংশ আছে। আপনাকে সব ভাগের **সব** ক'টি প্রশ্নের উত্তর দিতে হবে। ভাগ II এবং III-তে আপনার উত্তর লেখার জন্য কালো বা গাঢ়-নীল কালি ব্যবহার করুন।

**ভাগ I** এ 28টি বহুনির্বাচনী প্রশ্ন আছে। উত্তরপত্রে যেভাবে নির্দেশ দেওয়া হয়েছে সেইভাবে এই প্রশ্নগুলির উত্তর লিপিবদ্ধ করুন।

**ভাগ II** -এ দুই সেট নির্মিত প্রতিক্রিয়ামূলক (CRQ) প্রশ্ন রয়েছে। প্রতিটি নির্মিত প্রতিক্রিয়ামূলক প্রশ্নের সেট দুটি নথি সমন্বিত, যাতে শেষের দিকে কয়েকটি প্রশ্ন দেওয়া রয়েছে। আপনি যখন পরীক্ষার এই ভাগে পৌঁছবেন, তখন উপরের লাইনে আপনার এবং আপনার স্কুলের নাম লিখবেন। এই পরীক্ষা পুস্তিকার প্রতিটি প্রশ্নের উত্তর সেই প্রশ্নের পরে দেওয়া লাইনগুলিতে লিখুন।

**ভাগ III** -এ পাঁচটি নথির ওপর ভিত্তি করে একটি রচনামূলক প্রশ্ন রয়েছে। আপনার রচনা পুস্তিকায় এই প্রশ্নের উত্তর লিখুন ।

এই পরীক্ষা সম্পন্ন করার পরে, আপনাকে এই উত্তরপত্রের শেষে দেওয়া মুদ্রিত বিবৃতিতে স্বাক্ষর করতে হবে এই মর্মে যে, এই পরীক্ষার আগে প্রশ্ন বা উত্তরের বিষয়ে আগে থেকে বেআইনিভাবে জানতেন না, এই পরীক্ষা চলাকালীন আপনি কোনো প্রশ্নের উত্তর দেওয়ার জন্য কারও সাহায্য পাননি বা কাউকে সাহায্য করেননি। এই ঘোষণায় স্বাক্ষর না করলে আপনার উত্তরপত্র গ্রহণ করা হবে না।

**সংকেত না দেওয়া অবধি এই পরীক্ষার পুস্তিকা খুলবেন না।**

## ভাগ I

### এই ভাগের সকল প্রশ্নের উত্তর দিন।

*নির্দেশনা* (1–28): প্রত্যেকটি বিবৃতি বা প্রশ্নের জন্য, প্রদত্ত শব্দ বা ধারণা থেকে সেই শব্দটি বা ধারণাটির *নম্বর* পৃথক উত্তরপত্রে লিপিবদ্ধ করুন যা বিবৃতিটিকে সর্বোত্তমভাবে সম্পন্ন করে অথবা প্রশ্নটির উত্তর দেয়।

1 এবং 2 নম্বর প্রশ্নের উত্তরগুলি নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন

> . . .12 শতাব্দীর শেষ থেকে 1868 সাল পর্যন্ত সাত শতাব্দী ধরে একদল অভিজাত শ্রেণীর যোদ্ধা জাপান শাসন করত। 1630-এর দশক থেকে শুরু করে, দুই শতাব্দীরও বেশি সময় ধরে, ইডো (বর্তমান টোকিও) ভিত্তিক সামন্ত সরকার একটি কঠোর "অবরুদ্ধ দেশ" (*সাকোকু*) নীতি প্রয়োগ করেছিল যার মাধ্যমে জাপানিদের দেশত্যাগ এবং বিদেশীদের প্রবেশ নিষিদ্ধ করা হয়েছিল।
>
> ইউরোপ এবং মার্কিন যুক্তরাষ্ট্র যখন বৈজ্ঞানিক, শিল্প এবং রাজনৈতিক বিপ্লবের সম্মুখীন হয়েছিল এবং সম্প্রসারণবাদী নীতি গ্রহণ করেছিল, তখন জাপান অভ্যন্তরীণ দিকে ঝুঁকে পড়েছিল - যা নির্জনতাকে আলিঙ্গন করে এবং অন্তত সরকারি স্তরে ঐতিহ্যকে [সম্মান] করে।
>
> এই দীর্ঘ বিচ্ছিন্নতার সময়কালে, শহরগুলি বৃদ্ধি পায়, বাণিজ্য সমৃদ্ধ হয় এবং সাক্ষরতা ব্যাপক আকার ধারণ করে। শান্তি এবং আপেক্ষিক সমৃদ্ধি এমন প্রাণবন্ত জনপ্রিয় সংস্কৃতির জন্ম দিয়েছিল যা আমরা আজও ঐতিহ্যবাহী কাঠের ব্লক প্রিন্টের মাধ্যমে (যা প্রথম 17 শতকে আবির্ভূত হয়েছিল) স্পষ্টভাবে কল্পনা করতে পারি। তবুও, 1800 সালের মাঝামাঝি সময়ে জাপান ছিল একটি ছোট, অন্তর্মুখী, সম্পদে অভাবী এবং মৌলিকভাবে কৃষিনির্ভর সমাজ। এমনকী শুধুমাত্র এশিয়ার প্রেক্ষাপটেও, ঐতিহাসিকভাবে, সাংস্কৃতিকভাবে, শারীরিকভাবে এবং মানব ও প্রাকৃতিক সম্পদের যেকোনো কল্পনাযোগ্য স্তরে - সবদিক থেকেই এটি চীনের ছায়ায় এটিকে ক্ষুদ্র মনে হয়েছিল।. . .

উৎস: John W. Dower, "Throwing Off Asia I" (এশিয়াকে অস্বীকার করা I), Massachusetts Institute of Technology, 2008

1 এই অনুচ্ছেদ কোন দাবিটিকে সবচেয়ে ভালোভাবে সমর্থন করে?

(1) এশিয়ায় আধিপত্য বিস্তারের জন্য জাপান চীনকে চ্যালেঞ্জ করেছিল।
(2) জাপান শিল্প বিকাশের জন্য প্রাকৃতিক সম্পদের উপর নির্ভর করত।
(3) জাপান শিল্প ও ভূখণ্ডের ক্ষেত্রে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছিল, যা বিশ্বশক্তিগুলোর সমপর্যায়ে পৌঁছেছিল।
(4) বিচ্ছিন্ন থাকা সত্ত্বেও জাপানে একটি সাংস্কৃতিক বিকাশের সময় ছিল।

2 এই অনুচ্ছেদটি জাপানি ইতিহাসের কোন বিকাশকে সবচেয়ে ভালোভাবে বর্ণনা করে?

(1) তোকুগাওয়া শোগুনাত (Tokugawa Shogunate)-এর শাসন
(2) কমোডর ম্যাথু পেরি (Commodore Matthew Perry)-র আগমন
(3) মেইজির পুনরুদ্ধার
(4) কোরিয়ার সংযুক্তি

3 ও 4 নম্বর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া নথি এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . .9. যেহেতু দোষী সাব্যস্ত না হওয়া পর্যন্ত সকল ব্যক্তিকে নির্দোষ বলে গণ্য করা হয়, তাই গ্রেপ্তার অপরিহার্য বলে বিবেচিত হলে, বন্দীর ব্যক্তিত্বের সুরক্ষার জন্য অপরিহার্য নয় এমন সমস্ত কঠোরতা আইন দিয়ে কঠোরভাবে দমন করা হবে।
>
> 10. কাউকে তার মতামতের কারণে, যার মধ্যে তার ধর্মীয় দৃষ্টিভঙ্গিও অন্তর্ভুক্ত, ব্যতিব্যস্ত [নিপীড়িত] করা যাবে না, যদি না সেই মতের প্রকাশ [প্রদর্শন] আইনের মাধ্যমে প্রতিষ্ঠিত জনশৃঙ্খলাকে বিঘ্নিত করে।
>
> 11. চিন্তাভাবনা এবং মতামতের অবাধ আদান-প্রদান মানুষের সবচেয়ে মূল্যবান অধিকারগুলির মধ্যে একটি। তাই, প্রত্যেক নাগরিক স্বাধীনভাবে কথা বলতে, লিখতে এবং মুদ্রণ করতে পারবেন, তবে আইন অনুসারে সংজ্ঞায়িত এই স্বাধীনতার অপব্যবহারের জন্য দায়ী থাকবেন। . . .

উৎস: *Declaration of the Rights of Man and of the Citizen* (মানুষ এবং নাগরিক অধিকারের ঘোষণাপত্র), 1789

3 এই নথিতে উপস্থাপিত ধারণাগুলিকে কোন গোষ্ঠির সবচেয়ে বেশি সমর্থন করার সম্ভাবনা রয়েছে?

(1) অভিজাত
(2) ধর্মযাজক
(3) তৃতীয় এস্টেট
(4) রাজ কর্মকর্তা

4 এই নথিটি কোন দাবিটিকে সবচেয়ে ভালোভাবে সমর্থন করে?

(1) গ্রেফতার করা ব্যক্তিদের নির্দোষ প্রমাণিত না হওয়া পর্যন্ত দোষী বলে ধরে নেওয়া উচিত।
(2) সকল নাগরিকের অধিকারকে ন্যায্যতা ও ন্যায়বিচারের সাথে সম্মান দেওয়া উচিত।
(3) সরকারের ধর্মীয় রীতিনীতি সীমিত করা উচিত।
(4) জনস্বার্থে বাকস্বাধীনতা সীমিত করা উচিত।

5 ও 6 নম্বর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া মানচিত্র এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**লাতিন আমেরিকা: ঔপনিবেশিক স্বাধীনতার তারিখ**




উৎস: Henry Brun et al., *Global History and Geography* (বৈশ্বিক ইতিহাস এবং ভূগোল), Amsco, 2004 (আভিযোজিত)

5 এই মানচিত্রে দেখানো পরিস্থিতিকে সবচেয়ে বেশি প্রভাবিত করেছে

(1) ফরাসী বিপ্লব
(2) জার্মান ঐক্য
(3) বেলফোর ঘোষণা
(4) ভার্সাই চুক্তি

6 এই মানচিত্রে দেওয়া তথ্যের সাথে লাতিন আমেরিকা সম্পর্কে করা কোন দাবিটি সব থেকে ভালোভাবে সমর্থিত হচ্ছে?

(1) প্রথম বিশ্বযুদ্ধের আগে পর্যন্ত বেশিরভাগ এলাকার উপর ইউরোপীয় দেশগুলির নিয়ন্ত্রণ ছিল।
(2) বেশিরভাগ স্বাধীনতা আন্দোলন 20 শতকে সংঘটিত হয়েছিল।
(3) 19 শতকে জাতীয়তাবাদ একটি ক্রমবর্ধমান শক্তি হয়ে ওঠে।
(4) হাইতিয়ান বিপ্লবের আগেই বেশিরভাগ দেশ স্বাধীনতা লাভ করেছিল।

7 ও 8 নম্বর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> বহু শতাব্দী ধরে ব্রিটিশ অর্থনীতিতে কৃষির আধিপত্য ছিল। আঠারো শতকে, দীর্ঘ সময় ধরে ঘেরা থাকার পর, নতুন কৃষি ব্যবস্থা একটি কৃষি বিপ্লব সৃষ্টি করেছিল যা ক্রমবর্ধমান জনগণকে খাদ্য সরবরাহ করতে আরও বেশি পরিমাণে ফসল উৎপাদন করে। 19 শতকের গোড়ার দিকে ব্রিটেনে, জমির রাজনৈতিক ও অর্থনৈতিক গুরুত্ব ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ: অভিজাত এবং ভদ্রলোকরা গ্রামাঞ্চলের বেশিরভাগ অংশের মালিক ছিলেন এবং তাদের ভাড়াটে কর্মীরা কৃষিকাজ এবং পশুপালন করতেন। নতুন নতুন যন্ত্রপাতি, সার এবং ফসল কাটার কৌশল চালু করা হয়েছিল, যার ফলে উৎপাদনশীলতা এবং কৃষি সমৃদ্ধি বৃদ্ধি পেয়েছিল। প্রকৃতপক্ষে, নগরায়ন এবং শিল্পায়নের ঘটনা সত্ত্বেও, কৃষি বিভিন্ন প্রদেশে কর্মসংস্থানের একটি প্রধান সরবরাহকারী উৎস হিসেবে রয়ে গেছে, যা শিল্পের সমর্থন এবং তার মাধ্যমে সমর্থিত দুটোই হয়। পণ্যের ভৌগোলিক বিশেষজ্ঞতা প্রতিষ্ঠিত হয়েছিল, উদাহরণস্বরূপ, দক্ষিণ-পূর্ব ইংল্যান্ড শস্যের ক্ষেত্রে এবং স্কটল্যান্ড বা লিসেস্টারশায়ার গবাদি পশু ও ভেড়ার প্রজননে বিশেষজ্ঞ হয়ে উঠেছিল। ইয়র্কশায়ার বা হেয়ারফোর্ডশায়ারের মতো জায়গা থেকে উঠে আসা কাগজী টাকা কৃষি সুখের আদর্শ চিত্রের মাধ্যমে কৃষির গুরুত্বকে তুলে ধরে।

উৎস: "The Industrial Revolution and the Changing Face of Britain" (শিল্প বিপ্লব এবং ব্রিটেনের পরিবর্তিত চেহারা), The British Museum online

7 এই অনুচ্ছেদটি সবচেয়ে কার্যকর জায়গা হল

(1) নগরায়ন কীভাবে ব্রিটিশ সরকারের নীতিগুলিকে প্রভাবিত করেছে তার অধ্যয়নে
(2) ব্রিটেনে কৃষি বিপ্লবের অর্থনৈতিক সুবিধা ব্যাখ্যায়
(3) ব্রিটেনে প্রাকৃতিক সম্পদের বন্টন বিশ্লেষণে
(4) কৃষি বিপ্লব কীভাবে ব্রিটিশ সাম্রাজ্যবাদের দিকে পরিচালিত করেছিল তার ধারণা উপলব্ধিতে

8 এই অনুচ্ছেদে বর্ণিত পরিবর্তনগুলির প্রতি ব্রিটিশ কৃষকদের দেখানো একটি প্রক্রিয়া কী ছিল?

(1) ঘের ব্যবস্থাটি নির্মূল করা হয়েছিল।
(2) ব্রিটেনে কৃষি খাতে উৎপাদনশীলতা হ্রাস পেয়েছিল।
(3) কৃষকরা নিজেদের অবস্থানের উপর ভিত্তি করে বিশেষজ্ঞ হয়ে উঠেছিল।
(4) প্রদেশের বেশিরভাগ কৃষক গ্রামাঞ্চলে পালিয়ে গিয়েছিল।

9 ও 10 নম্বর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া কার্টুন এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

টেমস লন্ডনের মধ্য দিয়ে প্রবাহিত একটি নদী।




ফাদার টেমস লন্ডনের ফেয়ার সিটির সাথে তাঁর সন্তানদের পরিচয় করিয়ে দিচ্ছেন।

*(নতুন সংসদ ভবনে একটি ফ্রেস্কোর নকশা।)*

উৎস: *Punch*, 3 জুলাই, 1858

9 এই সময়কালে লন্ডনের পরিস্থিতি সম্পর্কে কোন বিবৃতিটি কার্টুনিস্টের দৃষ্টিভঙ্গি সবচেয়ে ভালোভাবে ব্যাখ্যা করে?


(1) শিল্পায়নের ফলে জল সরবরাহে দূষণ ছড়িয়ে পড়ে এবং অসুস্থতা দেখা দেয়।
(2) কারখানার বৃদ্ধির ফলে কাজের পরিবেশ খারাপ হয়ে পড়ে।
(3) নগরায়নের ফলে খাদ্যের অভাব এবং ব্যাপক দুর্ভিক্ষ দেখা দেয়।
(4) গির্জাটি শহুরে দারিদ্র্যের মধ্যে থাকা বাসিন্দাদের সহায়তার হাত বাড়িয়ে দিয়েছিল।

10 এই চিত্রটি তৈরি করার নেপথ্যে কার্টুনিস্টের উদ্দেশ্য কী ছিল?

(1) লন্ডনে বসতি স্থাপনের জন্য মানুষকে আকৃষ্ট করা
(2) রানী ভিক্টোরিয়ার মানবিক প্রচেষ্টার প্রচার করা
(3) সরকারকে সংস্কার করতে উৎসাহিত করা
(4) সেঁচের প্রভাব সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করা

11 ও 12 নম্বর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া মানচিত্র এবং এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**আফ্রিকা ও এশিয়া, 1880-1914**




উৎস: Kevin Reilly, *Worlds of History* (ওয়ার্ল্ড অফ হিস্ট্রি), Bedford/St. Martin's, 2007 (অভিযোজিত)


11 এই মানচিত্রের উপর ভিত্তি করে, কোন দুটি দেশ সবচেয়ে বেশি বিদেশী অঞ্চল অধিগ্রহণ করেছে?

(1) গ্রেট ব্রিটেন এবং ফ্রান্স
(2) নেদারল্যান্ডস এবং বেলজিয়াম
(3) স্পেন এবং পর্তুগাল
(4) জার্মানি এবং ইতালি

12 এই মানচিত্রে দেখানো পরিস্থিতি আংশিকভাবে ইউরোপীয় দেশগুলির যে ইচ্ছার কারণে ঘটেছে তা হল

(1) কারখানায় তৈরি পণ্য আমদানির ইচ্ছা
(2) তাদের দেশে অভিবাসনে উৎসাহদানের ইচ্ছা
(3) বিশ্বব্যাপী গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠার ইচ্ছা
(4) তাদের শিল্পের জন্য কাঁচামাল সংগ্রহের ইচ্ছা

13 ও 14 নম্বর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া চিত্র এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।




উৎস: Philip Dorf, *Visualized World History* (ভিজিউলাইসড ওয়ার্ল্ড হিস্ট্রি), Oxford, 1948 (অভিযোজিত)

13 এই চিত্রে কোন সাম্রাজ্যের পতন চিত্রিত হয়েছে?

(1) মুঘল সাম্রাজ্য
(2) উসমানীয় সাম্রাজ্য
(3) অস্ট্রিয়া-হাঙ্গেরি সাম্রাজ্য
(4) ব্রিটিশ সাম্রাজ্য

14 এই চিত্রে দেখানো অবস্থাগুলি যে ঘটনা ঘটাতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে তা হল

(1) ইতালির ঐক্যবদ্ধকরণ
(2) প্রথম বিশ্বযুদ্ধের সূচনা
(3) পটসডাম কনফারেন্স
(4) ওয়ারশ চুক্তি স্বাক্ষর

15 ও 16 নম্বর প্রশ্নের উত্তর নিচের প্রবন্ধ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**তুর্কিদের বিরুদ্ধে সমগ্র জনগণকে নির্মূল করার পরিকল্পনার অভিযোগ রয়েছে - কারাহিসার গণহত্যার মানুষ।**

লন্ডন, বুধবার, 18 আগস্ট —ডেইলি নিউজ অ্যানিউরিন উইলিয়ামস (Aneurin Williams), M.P. [সংসদীয় সদস্য] এর কাছ থেকে, 13 জুলাই তারিখের কনস্টান্টিনোপল থেকে পাঠানো একটি চিঠির একটি অনুলিপি পেয়েছে, যেখানে তুরস্কে আর্মেনিয়ানদের ভয়াবহ দুর্দশার বর্ণনা দেওয়া হয়েছে। চিঠিতে বলা রয়েছে:

"আমরা এখন একটি নির্ভরযোগ্য সূত্র থেকে নিশ্চিতভাবে জানতে পেরেছি যে সিলিসিয়ার সমস্ত শহর ও গ্রাম থেকে আর্মেনীয়দের আলেপ্পোর দক্ষিণে মরুভূমি অঞ্চলে নির্বাসিত করা হয়েছে। উদ্বাস্তুদের পায়ে হেঁটে [পায়ে] যেতে হবে, যার জন্য এক থেকে দুই মাস বা তারও বেশি সময় লাগবে। . . .

উৎস: "Armenians Are Sent to Perish in Desert" (আর্মেনীয়দের সর্বনাশের জন্য মরুভূমিতে পাঠানো হয়েছে), *New York Times*, August 18, 1915

15 এই প্রবন্ধে উল্লেখিত গোষ্ঠীর সাথে কোন গোষ্ঠীর আচরণে সবচেয়ে বেশি সাদৃশ্য ছিল?

(1) বিপ্লব-পূর্ব ফ্রান্সের প্রথম এস্টেট
(2) হাইতির ফরাসীরা
(3) ব্রিটিশ রাজের অধীনস্থ ভারতীয়রা
(4) নাৎসি জার্মানিতে ইহুদীরা

16 একজন ইতিহাসবিদ এই প্রবন্ধটিকে সবচেয়ে বেশি উপকারী মনে করবেন

(1) ঘটনার কারণ চিহ্নিতকরণের জন্য
(2) তুরস্কের ভূগোল নিয়ে গবেষণার জন্য
(3) গণহত্যা সংঘটিত হওয়ার দাবি সমর্থন করার জন্য
(4) ঘটনাটির দ্বারা প্রভাবিত মানুষের সংখ্যা নির্ধারণ করার জন্য

17 ও 18 নম্বর প্রশ্নের উত্তর নিচের ভাষণ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

. . .শ্রমিক, কৃষক, সৈনিক, যুবসমাজ, স্কুল শিক্ষার্থী!

নির্যাতিত ও শোষিত দেশবাসী!

ইন্দোচীন কমিউনিস্ট পার্টি প্রতিষ্ঠিত হয়েছে। এই পার্টি শ্রমিক শ্রেণীর পার্টি। সকল নিপীড়িত ও শোষিত মানুষের স্বার্থে এটি সর্বহারা শ্রেণীকে পরিচালিত বিপ্লবের নেতৃত্ব দিতে সাহায্য করবে। এখন থেকে আমাদের পার্টিতে যোগ দিতে হবে, এটিকে সাহায্য করতে হবে এবং অনুসরণ করতে হবে যাতে আমরা বাস্তবায়ন করতে পারি:

1. ফরাসি সাম্রাজ্যবাদ, ভিয়েতনামী সামন্তবাদ এবং প্রতিক্রিয়াশীল বুর্জোয়াদের উৎখাত করতে;
2. ইন্দোচীনকে সম্পূর্ণ স্বাধীন করতে;
3. শ্রমিক-কৃষক-সৈনিকের সরকার প্রতিষ্ঠা করতে;
4. সাম্রাজ্যবাদীদের মালিকানাধীন ব্যাংক এবং অন্যান্য উদ্যোগ বাজেয়াপ্ত করতে এবং শ্রমিক-কৃষক-সৈনিকের সরকারের নিয়ন্ত্রণে আনতে;
5. সাম্রাজ্যবাদী এবং ভিয়েতনামী প্রতিক্রিয়াশীল বুর্জোয়াদের সমস্ত আবাদ জমি এবং সম্পত্তি বাজেয়াপ্ত করতে এবং দরিদ্র কৃষকদের মধ্যে তা বিতরণ করে দিতে; . . .

8. জনগণের কাছে গণতান্ত্রিক স্বাধীনতা পৌঁছে দিতে;
9. সকল মানুষের কাছে শিক্ষা পৌঁছে দিতে; . . .

উৎস: Speech by Ho Chi Minh (হো চি মিনের ভাষণ), 18 ফেব্রুয়ারি, 1930

17 এই ভাষণে প্রাপ্ত প্রমাণের ভিত্তিতে কোন দাবিটি সবচেয়ে ভালোভাবে সমর্থিত?

(1) ফরাসি নিয়ন্ত্রণে, ভিয়েতনামের অর্থনীতির বিকাশ হয়েছিল।
(2) ফরাসিরা সমগ্র ইন্দোচীন জুড়ে শিক্ষা ব্যবস্থা প্রতিষ্ঠা করেছিল।
(3) হো চি মিন (Ho Chi Minh) ভিয়েতনামে একটি গণতান্ত্রিক প্রজাতন্ত্রের জন্য পশ্চিমী সমর্থন পেয়েছিলেন।
(4) ফরাসিরা জনগণের কাছ থেকে যা নিয়েছিল হো চি মিন (Ho Chi Minh) তা পুনরুদ্ধার করতে চেয়েছিলেন।

18 লেখকের এই ভাষণ প্রদানের উদ্দেশ্য কোন বিবৃতিটিকে সবচেয়ে ভালোভাবে বর্ণনা করে?

(1) রাশিয়ার কমিউনিস্ট বিপ্লবকে কেন তিনি সমর্থন করছেন তা ব্যাখ্যা করতে
(2) ফরাসিদের কাছে স্বাধীনতা চাইতে
(3) ভিয়েতনামী জাতীয়তাবাদী আন্দোলনের লক্ষ্য ব্যাখ্যা করতে
(4) তাঁর বিপ্লবের জন্য আন্তর্জাতিক সমর্থন চাইতে

19 ও 20 নম্বর প্রশ্নের উত্তরগুলি নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . .তারপর এক প্রচণ্ড আলোর ঝলক আকাশ চিরে চলে গেল। মিঃ তানিমোটো (Mr. Tanimoto)-র স্পষ্ট মনে আছে যে এটি পূর্ব থেকে পশ্চিমে, শহর থেকে পাহাড়ের দিকে যাচ্ছিল। যেন সূর্যের একটা ফলক। তিনি এবং মিঃ মাতসুও (Mr. Matsuo) উভয়েই আতঙ্কিত হয়ে সক্রিয় হয়ে ওঠেন—এবং দুজনেইর প্রতিক্রিয়া জানানোর সময় ছিল (কারণ তারা বিস্ফোরণের কেন্দ্র থেকে 3,500 গজ বা দুই মাইল দূরে ছিলেন)। মিঃ মাতসুও (Mr. Matsuo) ঘরের সামনের সিঁড়ি দিয়ে দ্রুত উঠে গিয়ে বিছানার গদির নিচে নিজেকে লুকিয়ে ফেলেন। মিঃ তানিমোতো (Mr. Tanimoto) চার-পাঁচ পা এগিয়ে বাগানের দুটি বড় পাথরের মাঝখানে নিজেকে লোকাতে ঝাঁপ দেন। সেগুলোরই একটিতে গিয়ে তিনি মুখ গুঁজে থাকেন। পাথরের দিকে মুখ করা ছিল বলে, কী হচ্ছে তিনি দেখতে পাননি। হঠাৎ একটা চাপ অনুভব করেন, তারপরেই বোর্ডের ছোট টুকরো, বড় টুকরো, টিলার ভাঙা অংশ তার ওপর পড়ল। তিনি কোনো চিৎকার শোনেননি। (হিরোশিমার প্রায় কেউই বোমার শব্দ শুনেছেন বলে মনে হয় না। কিন্তু সুৎজু (Tsuzu)-র কাছে দেশের অভ্যন্তরীণ সাগরে তার সাম্পানে [নৌকা] থাকা একজন জেলে, যার সাথে মিঃ তানিমোটো (Mr. Tanimoto)-র শাশুড়ি এবং ভগ্নিপতি থাকতেন, তিনি ঝলকানি দেখতে পান এবং একটি প্রচণ্ড বিস্ফোরণ শুনতে পান। তিনি হিরোশিমা থেকে প্রায় বিশ মাইল দূরে ছিলেন, কিন্তু B-29 বিমান ইওয়াকুনিকে আঘাত করার সময় যে আওয়াজ হয় তার চেয়ে বজ্রপাতও জোরে হয়েছিল, মাত্র পাঁচ মাইল দূরে)। . . .

উৎস: John Hersey, *Hiroshima* (*হিরোশিমা*), Alfred A. Knopf, 1946

19 একজন ঐতিহাসিক কীভাবে এই অনুচ্ছেদটি সর্বোত্তমভাবে ব্যবহার করতে পারেন?

(1) পারমাণবিক বোমা কীভাবে বেসামরিক নাগরিকদের উপর প্রভাব ফেলেছিল তা বুঝতে
(2) সামরিক বাহিনী কেন পারমাণবিক বোমা ফেলেছিল তা তদন্ত করতে
(3) পারমাণবিক বোমার মাধ্যমে যুদ্ধের প্রচেষ্টা কীভাবে প্রভাবিত হয়েছিল তা চিত্রিত করতে
(4) পারমাণবিক বোমা কীভাবে সরকারি নীতি পরিবর্তন করেছে তা দেখাতে

20 অনুচ্ছেদে বর্ণিত ঘটনাগুলি যে দিকে পরিচালিত হয়েছিল তা হল

(1) চীনে প্রভাবিত অঞ্চল সৃষ্টি
(2) নরম্যান্ডি আক্রমণ শুরুর-দিন
(3) দ্বিতীয় বিশ্বযুদ্ধে জাপানের আত্মসমর্পন
(4) সোভিয়েত ইউনিয়নের পতন

21 ও 22 নম্বর প্রশ্নের উত্তর নিচের প্রবন্ধ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> 1979 সালের বড়দিনের প্রাক্কালে, সোভিয়েত ইউনিয়ন আফগানিস্তানে আক্রমণ করে, যেখানে কমিউনিস্ট-পন্থী সরকার ইসলামী বিদ্রোহীদের আক্রমণের মুখে পড়ে। এই বিদ্রোহীরা মুজাহিদীন বা "পবিত্র যোদ্ধা" নামে পরিচিত ছিল। স্নায়ুযুদ্ধের প্রতিদ্বন্দ্বীদের ক্ষতি করার জন্য, আমেরিকা 1980-এর দশকে মুজাহিদীনদের অস্ত্র সরবরাহ শুরু করে। এটি বিদ্রোহীদের সোভিয়েত সেনাবাহিনীর বিরুদ্ধে একটি অচলাবস্থা নিশ্চিত করতে সাহায্য করেছিল, ফলস্বরূপ অবশেষে তারা 1989 সালে নিজেদের সৈন্য প্রত্যাহার করে নেয়। সোভিয়েতরা চলে যাওয়ার পর, মুজাহিদীনদের বিভিন্ন দল একে অপরের সাথে লড়াই শুরু করে। 1996 সালের মধ্যে, তালিবান, একটি উগ্র ইসলামপন্থী দল, দেশটির নিয়ন্ত্রণ হাতে নিয়ে নেয়। . . .

উৎস: *New York Times Upfront*, 11 ডিসেম্বর, 2017

21 এই প্রবন্ধে অন্তর্ভুক্ত প্রমাণের মাধ্যমে কোন দাবিটি সর্বোত্তমভাবে সমর্থিত?

(1) 1980-এর দশকে মার্কিন যুক্তরাষ্ট্র মুজাহিদীনদের নির্মূল করার চেষ্টা করেছিল।
(2) আফগানিস্তানের আক্রমণের ফলে এই অঞ্চলে সোভিয়েত প্রভাব নিশ্চিত হয়।
(3) মুজাহিদীনরা আফগানিস্তানের কমিউনিস্টপন্থী সরকারকে সমর্থন করেছিল।
(4) আফগানিস্তানে শীতল যুদ্ধের সংঘাত তালিবানদের উত্থানে অবদান রেখেছিল।

22 এই প্রবন্ধে বর্ণিত আমেরিকান পদক্ষেপগুলি কোন নীতির উদাহরণ?

(1) পেরেস্ত্রোইকা
(2) দমন
(3) বিশ্বায়ন
(4) সমষ্টিকরণ

23 ও 24 নম্বর প্রশ্নের উত্তর নিচের ভাষণ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . .দেশটির সংস্কার প্রক্রিয়া এবং বিশ্ব সম্প্রদায়ের আমূল পরিবর্তনগুলি প্রত্যাশার চেয়ে অনেক বেশি জটিল হয়ে উঠল। তবে, যা হয়ে গেছে তার প্রাপ্য তো বাকি থাকবেই। এই সমাজ স্বাধীনতা অর্জন করেছে, রাজনৈতিক ও আধ্যাত্মিকভাবে নিজেকে মুক্ত করেছে এবং এটিই সবচেয়ে বড় অর্জন যা আমরা এখনও পুরোপুরি বুঝতেই পারিনি, কারণ আমরা স্বাধীনতা ব্যবহার করতে শিখিনি।
>
> তবে, ঐতিহাসিক তাৎপর্যপূর্ণ কাজ সম্পন্ন হয়েছে। যে সমগ্রতাবাদী ব্যবস্থা অনেক আগেই দেশকে সফল ও সমৃদ্ধ হওয়ার সুযোগ থেকে বঞ্চিত করেছিল, তা বিলুপ্ত হয়েছে। গণতান্ত্রিক পরিবর্তনের পথে একটি অগ্রগতি এসেছিল। অবাধ নির্বাচন, সংবাদপত্রের স্বাধীনতা, ধর্মীয় স্বাধীনতা, ক্ষমতার প্রতিনিধিত্বমূলক অঙ্গ, একটি বহুদলীয় (ব্যবস্থা) বাস্তবে পরিণত হয়, সর্বোচ্চ নীতি হিসেবে মানবাধিকার স্বীকৃতি পায়। . . .

উৎস: Mikhail Gorbachev's resignation speech (মিখাইল গর্বাচেভের পদত্যাগের ভাষণ), 25 ডিসেম্বর, 1991


23 এই ভাষণে মিখাইল গর্বাচেভ (Mikhail Gorbachev)-এর বর্ণিত যে নীতিগুলির উল্লেখ রয়েছে তা হল

(1) পারমাণবিক বিস্তার
(2) গ্লাসনস্ট
(3) ডেটন্ট বা বৈরিতায় শৈথিল্য
(4) জোট মুক্ত

24 এই ভাষণটি কোন আন্তর্জাতিক সংঘাতের সমাপ্তির সাথে সবচেয়ে বেশি জড়িত?

(1) ভিয়েতনাম যুদ্ধ
(2) কোরিয়ান যুদ্ধ
(3) স্নায়ুযুদ্ধ
(4) পারস্য উপসাগরীয় যুদ্ধ

এব আপনার সামাজবিদ্যা জ্ঞানের উপর ভিত্তি করে 25 নম্বর প্রশ্নের উত্তর দিন।




উৎস: *Newsweek*, 18 অক্টোবর, 2010 (অভিযোজিত)

25 এই ইনফোগ্রাফিকের উপর ভিত্তি করে, কোন অঞ্চলে সবচেয়ে বেশি মিষ্টি জলের ঘাটতি দেখা দিচ্ছে?

(1) পূর্ব ইউরোপ
(2) দক্ষিণ-পশ্চিম এশিয়া
(3) দক্ষিণ আমেরিকা
(4) অস্ট্রেলিয়া

26 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া সময়সীমা এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**জাতিসংঘের ইতিহাসের গুরুত্বপূর্ণ মুহূর্তগুলির সময়কাল**

| | |
|---|---|
| 1948 | মানবাধিকারের সর্বজনীন ঘোষণাপত্র গৃহীত হয় |
| 1956 | প্রথম পূর্ণাঙ্গ শান্তিরক্ষী বাহিনী মোতায়েন করা হয় |
| 1961 | বিশ্ব খাদ্য কর্মসূচি প্রতিষ্ঠিত হয় |
| 1965 | UNICEF নোবেল শান্তি পুরষ্কার বিজয়ী হয় |
| 1968 | পারমাণবিক অস্ত্র বিস্তার রোধের চুক্তি হয় |
| 1975 | আন্তর্জাতিক নারী বৎসর |
| 1978 | UNESCO সুরক্ষার জন্য 12টি প্রাথমিক জায়গার নাম ঘোষণা করে |
| 1997 | কিয়োটো প্রোটোকল |
| 2001 | HIV/AIDS প্রতিরোধে অঙ্গীকারের ঘোষণা |
| 2014 | প্রথমবারের মতো জাতিসংঘের জরুরি স্বাস্থ্য মিশন |

উৎস: Sarah Pruitt, “10 Memorable Moments in United Nations History” (জাতিসংঘের ইতিহাসে 10টি স্মরণীয় মুহূর্ত) The History Channel Online, 2015 (অভিযোজিত)

26 এই টাইমলাইনটি এমন একজন ব্যক্তির জন্য সবচেয়ে কার্যকর হবে যিনি প্রমাণ করার চেষ্টা করছেন

(1) সময়ের সাথে সাথে মহামারী রোগের প্রাদুর্ভাব মোকাবেলায় জাতিসংঘের কাজ কতটা কার্যকর হয়েছে

(2) উন্নয়নশীল অঞ্চলে জাতিসংঘ কতটা নারীর অধিকার প্রচার করতে সক্ষম হয়েছে

(3) জাতিসংঘের সদস্য রাষ্ট্রগুলি পরিবেশ নীতিকে কতটা সমর্থন করেছে

(4) শান্তি বজায় রাখা এবং মানবিক সহায়তা প্রদানের জন্য জাতিসংঘের প্রচেষ্টার পরিসর

27 এবং 28 নম্বর প্রশ্নের উত্তর নিচের প্রবন্ধ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . .তাঁর [মিঃ এরদোগান (Mr. Erdogan)-এর] বিরোধীরা আশঙ্কা করছেন যে গত বছর সাংবিধানিক পরিবর্তনের পর নতুন ক্ষমতাপ্রাপ্ত রাষ্ট্রপতি পদে তাঁর পুনর্নির্বাচনের ফলে মিঃ এরদোগান (Mr. Erdogan) তার এজেন্ডাকে আরও এগিয়ে নিয়ে যাওয়ার এবং তুর্কি সমাজকে মৌলিকভাবে পরিবর্তন আনার জন্য প্রায় অনিয়ন্ত্রিত কর্তৃত্ব পেয়ে যাবেন। . . .
>
> মিঃ এরদোগান (Mr. Erdogan) তুরস্ককে তাঁর নিজের ভাবমূর্তির অনুকরণে পুনর্গঠিত করার ইচ্ছা গোপন রাখেননি, যা দেশের প্রজাতন্ত্রের প্রতিষ্ঠাতা এবং তার প্রথম রাষ্ট্রপতি মোস্তফা কামাল আতাতুর্ক (Mustafa Kemal Atatürk)-এর লিগ্যাসির প্রতিদ্বন্দ্বী।
>
> তুরস্কের প্রতি তাঁদের দৃষ্টিভঙ্গিতে আকাশ-পাতাল পার্থক্য। আতাতুর্ক ছিলেন একজন জাতীয়তাবাদী এবং ধর্মনিরপেক্ষ, যার সংবেদনশীলতা তুর্কি সংস্কৃতিতে পরিব্যাপ্ত [সামগ্রিকভাবে প্রসারিত]। মিঃ এরদোগান (Mr. Erdogan) একজন ইসলামপন্থী যিনি রক্ষণশীল, ধর্মীয় শ্রমিক শ্রেণী থেকে উঠে এসেছেন যারা পশ্চিমা ধর্মনিরপেক্ষতার প্রতি সবচেয়ে বেশি বিরক্ত ছিলেন।
>
> ছয় বছর আগে প্রধানমন্ত্রী থাকাকালীনও, মিঃ এরদোগান (Mr. Erdogan) "একটি ধার্মিক প্রজন্ম গড়ে তোলার" ইচ্ছা প্রকাশ করেছিলেন।. . .

উৎস: Carlotta Gall, "Erdogan's Plan to Raise a 'Pious Generation' Divides Parents in Turkey" (এরদোয়ানের 'ধার্মিক প্রজন্ম' গঠনের পরিকল্পনা তুরস্কে অভিভাবকদের মধ্যে বিভেদ সৃষ্টি করবে) *New York Times*, 18 জুন, 2018

27 এই প্রবন্ধে বর্ণিত মূল বিষয় কী?

(1) তুরস্কের সাংস্কৃতিক পরিচয় নিয়ে দ্বিমত
(2) কামাল আতাতুর্ক (Kemal Atatürk) এবং তুরস্কের রাষ্ট্রপতি এরদোগান (Erdogan)-এর মধ্যে লড়াই
(3) তুরস্কের গণতান্ত্রিক প্রতিষ্ঠান পুনরুদ্ধারের জন্য আগ্রাসী সংস্কার পাস করা
(4) তুর্কি সেনাবাহিনীর বিক্ষোভের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা

28 কোন ঘটনার ফলে এই প্রবন্ধে বর্ণিত পরিবর্তনের মতো পরিবর্তন ঘটেছে?

(1) জামাল নাসের (Gamal Nasser) কর্তৃক সুয়েজ খাল দখল
(2) ইরানে 1979 সালের ইসলামী বিপ্লব
(3) অস্ট্রিয়ান সাম্রাজ্যের পতন
(4) 1948 সালের ভারত ভাগ

নাম ______________________ স্কুল ______________________

**প্রদত্ত স্থানে 29–34b প্রশ্নগুলির উত্তর লিখুন। এই প্রশ্নগুলির উত্তর দিতে কালো বা গাঢ় রঙের কালির পেন ব্যবহার করুন।**

## ভাগ II

### নির্মিত প্রতিক্রিয়ামূলক প্রশ্নে (CRQ) অল্প কথায় উত্তর দিন

**এই প্রশ্নগুলি প্রদত্ত নথির ভিত্তিতে তৈরি এবং ঐতিহাসিক নথি নিয়ে কাজ করার বিষয়ে আপনার দক্ষতা কেমন, সেটা পরীক্ষা করার জন্য তৈরি করা হয়েছে। নির্মিত প্রতিক্রিয়ামূলক প্রশ্নের (CRQ) প্রতিটি সেট 2টি নথি দ্বারা গঠিত। এই প্রশ্ন তৈরি করার জন্য এদের মধ্যে কয়েকটি নথিকে সম্পাদন করা হয়েছে। মনে রাখবেন, কোনো নথিতে ব্যবহৃত ভাষা ও ছবি সেই নথি তৈরি করার সময়ের পরিপ্রেক্ষিতকে প্রতিফলিত করতে পারে।**

অংশ II-এর উত্তর দেওয়ার সময়, এই ব্যাখ্যাগুলি অবশ্যই মনে রাখবেন:

**শনাক্ত করুন**—মানে হল একটা নাম দেওয়া বা উল্লেখ করা।

**ব্যাখ্যা করুন**—মানে হল সরল করে বলা বা বোধগম্য করে বলা; কোনো কিছুর কারণ বলা বা কারণ দর্শানো; কোনো কিছুর যুক্তিসম্মত বিকাশ বা সম্পর্ক দেখানো।

---

**সংক্ষিপ্ত উত্তর CRQ সেট 1-এর কাঠামো**

- প্রশ্ন 29 নথি 1 ব্যবহার করে (প্রসঙ্গ)
- প্রশ্ন 30 নথি 2 ব্যবহার করে (সূত্র)
- প্রশ্ন 31 নথি 1 ও 2 ব্যবহার করে (নথিগুলির মধ্যে সম্পর্ক)

---

**সংক্ষিপ্ত উত্তর CRQ সেট 2-এর কাঠামো**

- প্রশ্ন 32 নথি 1 ব্যবহার করে (প্রসঙ্গ)
- প্রশ্ন 33 নথি 2 ব্যবহার করে (সূত্র)
- প্রশ্ন 34a ও 34b নথি 1 ও 2 ব্যবহার করে (নথিগুলির মধ্যে সম্পর্ক)

---

***CRQ সেট 1-এর নির্দেশনা* (29–31):** নথিগুলি বিশ্লেষণ করুন এবং প্রতিটি নথির পরে যে প্রদত্ত স্থান রয়েছে সেখানে সংক্ষিপ্ত প্রশ্নগুলির উত্তর দিন।

29 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া নথি এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

## নথি 1

. . .ইউরোপে, আফ্রিকান জমির প্রতি তৃষ্ণা প্রায় স্পষ্ট হয়ে উঠেছিল [স্পষ্টভাবে অনুভূত হয়েছিল]। কিছু পরস্পরবিরোধী দাবির সমাধান তখনও বাকি ছিল, এবং স্পষ্টতই আফ্রিকান অংশকে আরও বিভাজনের জন্য কিছু প্রাথমিক নিয়মের প্রয়োজন ছিল। বিসমার্ক (Bismarck) এরকমই কিছু বিষয় নিয়ে আলোচনা করার জন্য বার্লিনে একটি কূটনৈতিক সম্মেলন আয়োজনের প্রস্তাব দেন। লিওপোল্ড (Leopold)-এর কাছে, এই সম্মেলন ছিল কঙ্গোর উপর তার দখল আরও শক্ত করার আরেকটি সুযোগ।

1884 সালের 15 নভেম্বর, ইউরোপের শক্তির প্রতিনিধিরা উইলহেলমস্ট্রাসে বিসমার্ক (Bismarck)-এর হলুদইটের সরকারি বাসভবনের বাগানের দিকে মুখ করা একটি বিশাল, ঘোড়ার নালের মতো আকৃতির টেবিলে সমবেত হন। ঘরটির করিকাঠযুক্ত সিলিং এবং ঝলমলে ঝাড়বাতির নীচে আনুষ্ঠানিক পোশাক পরিহিত মন্ত্রী এবং পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিরা [কূটনীতিকরা] আসন গ্রহণ করেছিলেন, তাদের মধ্যে ছিলেন উসমানীয় সাম্রাজ্যের কাউন্ট, ব্যারন, কর্নেল এবং একজন উজির [মন্ত্রী]। লাল রঙের কোর্ট ড্রেস পরে বিসমার্ক (Bismarck) তাদের ফরাসি ভাষায়, কূটনৈতিক *লিঙ্গুয়া ফ্রাঙ্কাতে,** স্বাগত জানালেন এবং আফ্রিকার একটি বৃহৎ মানচিত্র সামনে রেখে, প্রতিনিধিরা কাজে নেমে পড়লেন। . . .

উৎস: Adam Hochschild, *King Leopold's Ghost* (*রাজা লিওপোল্ডের ভূত*), Mariner Books, 1999

* লিঙ্গুয়া ফ্রাঙ্কা—একদল মানুষের মধ্যে একটি ভাগাভাগি করা বা সাধারণ ভাষা হিসেবে ব্যবহৃত হয়

**ভৌগলিক প্রসঙ্গ—**বলতে বোঝায় এই ঐতিহাসিক বিকাশ/ঘটনাটি কোথায় ঘটছে এবং এটি সেখানেই কেন ঘটছে।

29 এই অনুচ্ছেদে বর্ণিত ঐতিহাসিক বিকাশের ভৌগোলিক প্রেক্ষাপট ব্যাখ্যা করুন। [1]

Score

30 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া নথি 2 এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**নথি 2**

প্যাট্রিস লুমুম্বা (Patrice Lumumba) একজন জাতীয়তাবাদী নেতা ছিলেন এবং স্বাধীন কঙ্গোর প্রথম প্রধানমন্ত্রী হয়েছিলেন। কঙ্গোর স্বাধীনতা দিবসে (30 জুন, 1960), প্যাট্রিস লুমুম্বা (Patrice Lumumba) লিওপোল্ডভিল প্যালেস দে লা নেশনে এই ভাষণটি দিয়েছিলেন। শ্রোতাদের মধ্যে ছিলেন নবনির্বাচিত কঙ্গোর রাজনীতিবিদ, বেলজিয়ামের কর্মকর্তা, আন্তর্জাতিক কূটনৈতিক বাহিনী এবং জাতীয় ও বিদেশী সংবাদমাধ্যম।

> কঙ্গোর পুরুষ ও মহিলা,
>
> বিজয়ী স্বাধীনতা সংগ্রামীবৃন্দ,
>
> কঙ্গো সরকারের পক্ষ থেকে আমি আপনাকে অভিবাদন জানাই। . . .
>
> যদিও আজ কঙ্গোর এই স্বাধীনতা বেলজিয়ামের সাথে চুক্তির মাধ্যমে ঘোষণা করা হচ্ছে, একটি বন্ধুত্বপূর্ণ [নাগরিক] দেশ, যার সাথে আমরা সমকক্ষ শর্তে আছি, তবুও কোনও কঙ্গোবাসী কখনও ভুলে যাবে না যে এই স্বাধীনতা এক সংগ্রামের মাধ্যমে অর্জিত হয়েছিল, একটি অধ্যবসায়ী এবং অনুপ্রেরণামূলক সংগ্রাম যা দিনের পর দিন চলেছিল, একটি সংগ্রাম, যেখানে আমরা অভাব [দারিদ্র্য] বা দুর্ভোগের মধ্যেও নির্ভীক ছিলাম এবং শক্তি বা রক্তের কারণে আটকে যাইনি।
>
> এটি ছিল অনেক চোখের জল, আগুন এবং রক্তে ভরপুর। আমরা আমাদের সংগ্রামের জন্য অত্যন্ত গর্বিত, কারণ এটি ছিল ন্যায্য এবং মহৎ, আর আমাদের উপর চাপিয়ে দেওয়া অপমানজনক বন্ধনের অবসান ঘটানোর জন্য অপরিহার্য।
>
> আশি বছরের ঔপনিবেশিক শাসনে এটাই ছিল আমাদের নিয়তি আর আমাদের ক্ষত এতটাই তাজা এবং এতটাই বেদনাদায়ক যে তা ভুলে যাওয়া অসম্ভব।
>
> আমরা এমন বেতনের বিনিময়েও জোরপূর্বক শ্রমের সম্মুখীন হয়েছি যা আমাদের ক্ষুধা মেটাতে, নিজেদের পোশাকের জোগান দিতে, ভালো থাকার জায়গা পেতে বা আমাদের সন্তানদের প্রিয়জন হিসেবে লালন-পালন করতে দেয়নি।
>
> সকাল, দুপুর, রাত আমাদের "নিগ্রো" বলে উপহাস, অপমান এবং মারধর করা হত। কেউ কি কখনও ভুলতে পারবে যে কৃষ্ণাঙ্গ ব্যক্তিকে "*তুই*" (tu) বলে সম্বোধন করা হয়েছিল, কারণে সে বন্ধু ছিল এমনটা নয়, বরং মার্জিত "*আপনি*" (vous) শব্দটি শ্বেতাঙ্গ ব্যক্তির জন্য সংরক্ষিত ছিল?
>
> আমরা দেখেছি আমাদের জমিগুলি দৃশ্যত [কথিত] ন্যায্য আইনের নামে দখল করা হয়েছে, যা কেবল ক্ষমতার অধিকারকে স্বীকৃতি দেয়।
>
> আমরা ভুলে যাইনি, আইন কখনোই শ্বেতাঙ্গ এবং কৃষ্ণাঙ্গদের জন্য এক ছিল না, ওই আইন ছিল শ্বেতাঙ্গদের প্রতি নম্র, আর অন্যদের প্রতি নিষ্ঠুর ও অমানবিক।
>
> আমরা এক ভয়াবহ যন্ত্রণা ভোগ করেছি, রাজনৈতিক বিশ্বাস এবং ধর্মীয় বিশ্বাসের নামে নির্যাতিত হয়েছি এবং আমাদের জন্মভূমি থেকে নির্বাসিত হয়েছি: আমাদের নিয়তি মৃত্যুর চেয়েও বেশি খারাপ ছিল। . . .

উৎস: Patrice Lumumba, speech at the ceremony of the proclamation of the Congo's independence (কঙ্গোর স্বাধীনতা ঘোষণা অনুষ্ঠানে দেওয়া ভাষণ), 30 জুন, 1960

30 এই অনুচ্ছেদের উপর ভিত্তি করে, লুমুম্বা (Lumumba) তার ভাষণে যা বলেছিলেন তা শ্রোতাদের উপর কীভাবে প্রভাব ফেলেছিল তা ব্যাখ্যা করুন। [1]

________________________________________

________________________________________

________________________________________

Score

31 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া নথি 1 ও 2 ***দুটিই*** ব্যবহার করে এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**কারণ—**বলতে এমন বিষয়কে বোঝায়, যেটি কোনো ঘটনা সংঘটিত হওয়ার পেছনে কাজ করে বা কোনো ধারণা সৃষ্টিতে প্রভাব ফেলে অথবা কোনো কিছু বিকশিত হওয়ার পেছনে দায়ী থাকে।

**প্রভাব—**বলতে কোনো ঘটনা, ধারণা বা কিছুর বিকাশের পরিণাম (ফলাফল, প্রভাব, পরিণতি) বোঝায়।

31 এই নথিগুলিতে প্রাপ্ত কার্য-কারণ সম্পর্ক শনাক্ত করুন ***এবং*** ব্যাখ্যা করুন। আপনার উত্তরে নথি 1 ও 2 **উভয়** থেকে অবশ্যই প্রমাণ ব্যবহার করবেন। [1]

Score

***CRQ সেট 2-এর নির্দেশনা* (32–34b):** নথিগুলি বিশ্লেষণ করুন এবং প্রতিটি নথির পরে যে প্রদত্ত স্থান রয়েছে সেখানে সংক্ষিপ্ত প্রশ্নগুলির উত্তর দিন।

32 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া নথি 1 এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**নথি 1**

. . .একজন ইতিহাসবিদ যাকে চীনের "চুক্তি শতাব্দী" হিসাবে অভিহিত করেছেন সেই সময় অন্যান্য অপমানজনক পরাজয় ঘটে (তথাকথিত "অসম চুক্তি" এর প্রধান দিকগুলি 1943 সাল পর্যন্ত আনুষ্ঠানিকভাবে বাতিল করা হয়নি)। 1843 সালে, ফ্রান্স ও মার্কিন যুক্তরাষ্ট্র এবং 1858 সালে রাশিয়া ইংল্যান্ডের নানকিং (নানজিং) চুক্তির অনুরূপ চুক্তি নিয়ে আলোচনা করে, যার মধ্যে বহির্মুখীতার ব্যবস্থা অন্তর্ভুক্ত ছিল, যার মাধ্যমে চীনে বিদেশী নাগরিকরা চীনা আইন থেকে মুক্ত ছিলেন। অনিচ্ছুক চীনকে তার ঐতিহ্যবাহী শ্রদ্ধাঞ্জলি* থেকে চুক্তিভিত্তিক বৈদেশিক সম্পর্ক স্থাপনে বাধ্য করতে, ইউরোপীয়রা 1858-1860 সাল পর্যন্ত চীনের সাথে দ্বিতীয় যুদ্ধে লিপ্ত হয় এবং তিয়েনসিন (তিয়ানজিন) চুক্তি এবং পিকিং (বেজিং) চুক্তির মাধ্যমে চীনের আধা-ঔপনিবেশিক মর্যাদা বৃদ্ধি পায়। বিদেশীদের বসবাস ও বাণিজ্যের জন্য আরও বন্দর উন্মুক্ত করা হয়েছিল এবং বিদেশীদের, বিশেষ করে মিশনারীদের, দেশের যেকোনো স্থানে অবাধ চলাচল এবং ব্যবসা করার অনুমতি ছিল। . . .

উৎস: Dr. Sue Gronewold, "The Opium War and Foreign Encroachment" (আফিম যুদ্ধ এবং বিদেশী দখল), Asia for Educators, Columbia University

* সম্মান এবং আনুগত্য প্রদর্শনের মাধ্যমে উপহার প্রদান করা হয়।

32 ঐতিহাসিক প্রেক্ষাপটের ফলে চীনের শতাব্দীব্যাপী "অসম চুক্তি" ব্যাখ্যা করুন। [1]

Score

33 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া নথি 2 এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

## নথি 2

. . .আন্তর্জাতিক মুদ্রা তহবিলের মতে, বর্তমানে মার্কিন যুক্তরাষ্ট্র বিশ্বের বৃহত্তম অর্থনীতি হলেও, ক্রয়ক্ষমতার দিক থেকে চীন 2016 সালে তাকে ছাড়িয়ে যাবে বলে আশা করা হচ্ছে। বিশ্বায়নের ফলে চীন উল্লেখযোগ্যভাবে উপকৃত হয়েছে। কয়েক দশক ধরে, এটি নিজের সক্ষমতা বৃদ্ধিতে বিনিয়োগ করেছে এবং অনেক দেশের সাথে অর্থনৈতিক সম্পর্ক তৈরি করেছে। একে একটি গুরুত্বপূর্ণ বিদেশী অংশীদার এবং বিনিয়োগকারী হিসেবে দেখা হয়েছে। . . .

চীন যে বিষয়টি খুব ভালোভাবে বোঝে তা হল অর্থনৈতিক সমৃদ্ধি ও উন্নতির জন্য — সংযোগের গুরুত্ব — অর্থাৎ পরিবহন অবকাঠামো। এর প্রধান উন্নয়ন কাঠামো হল ওয়ান বেল্ট ওয়ান রোড উদ্যোগ যার দুটি স্তম্ভ হল সিল্ক রোড ইকোনমিক বেল্ট এবং 21 শতকের মেরিটাইম সিল্ক রোড। এই উন্নয়ন প্রকল্পে এমন একটি অঞ্চল জড়িত যা বিশ্বব্যাপী GDP-এর 55%, বিশ্বব্যাপী জনসংখ্যার 70% এবং এর জ্ঞাত শক্তির রিজার্ভের 75% এর সমান। "এই বিনিয়োগে সিঙ্গাপুর থেকে তুর্কমেনিস্তান পর্যন্ত প্রায় 300টি প্রকল্প জড়িত থাকবে," রয়টার্স জানিয়েছে।

OBOR নামেও পরিচিত — ওয়ান বেল্ট ওয়ান রোড — যার একটি বিল্ডিং ব্লক হল রিজিওনাল কম্প্রিহেনসিভ ইকোনমিক পার্টনারশিপ (RCEP)। চীন-চালিত এই জোটে অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, চীন, ভারত, জাপান এবং দক্ষিণ কোরিয়া — পাশাপাশি ASEAN [দক্ষিণ-পূর্ব এশিয়ান দেশগুলির জোট] অঞ্চল অন্তর্ভুক্ত থাকবে। 2014 সালে, ASEAN ছিল বিশ্বের সপ্তম বৃহত্তম অর্থনৈতিক শক্তি। এটি এশিয়ার তৃতীয় বৃহত্তম অর্থনীতিও ছিল, যার সম্মিলিত GDP ছিল 2.6 ট্রিলিয়ন মার্কিন ডলার — যা সম্মিলিত ভারতের চেয়ে বেশি। . . .

উৎস: Wolfgang Lehmacher, "Why China Could Lead the Next Phase of Globalization" (চীন কেন বিশ্বায়নের পরবর্তী পর্যায়ে নেতৃত্ব দিতে পারত) World Economic Forum, 22 নভেম্বর, 2016

33 এই নথির উপর ভিত্তি করে, 21 শতকে চীনের অর্থনীতি সম্পর্কে লেখকের দৃষ্টিভঙ্গি চিহ্নিত করুন। [1]

Score

34a-34b নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া নথি 1 এবং 2 ***উভয়*** এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**সাদৃশ্য—**বলে কীভাবে কোনো কিছু অন্য কোনো কিছুর মত হয় বা একই হয়।

**বৈসাদৃশ্য—**বলতে বোঝায় কীভাবে কোনো কিছু অন্য কোনো কিছুর মত নয় বা একই নয়

34a–34b নিচে দেওয়া নথি 1 ও 2-এর ***দুটিই*** ব্যবহার করে এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তি করে উত্তর দিন:

a) বিশ্ব অর্থনীতিতে চীনের ভূমিকার একটি সাদৃশ্য ***বা*** একটি বৈসাদৃশ্য চিহ্নিত করুন [1]

b) উভয় নথির প্রমাণ ব্যবহার করে আপনার চিহ্নিত করা সাদৃশ্য ***বা*** বৈসাদৃশ্য ব্যাখ্যা করুন [1]

34a Score

34b Score

## অংশ III

## (প্রশ্ন 35)

## দীর্ঘস্থায়ী সমস্যা সংক্রান্ত রচনা

প্রশ্নগুলি প্রদত্ত নথির ভিত্তিতে তৈরি। ঐতিহাসিক নথি নিয়ে কাজ করার বিষয়ে আপনার দক্ষতা কেমন, সেটা পরীক্ষা করার জন্য এই প্রশ্ন তৈরি করা হয়েছে। এই প্রশ্ন তৈরি করার জন্য এদের মধ্যে কয়েকটি নথিকে সম্পাদন করা হয়েছে। নথিপত্র বিশ্লেষণ করার সময় প্রতিটি নথির উৎস এবং এই নথিতে উপস্থাপন করা যেতে পারে এমন যেকোনো দৃষ্টিভঙ্গি উপস্থাপন করবেন। মনে রাখবেন, কোনো নথিতে ব্যবহৃত ভাষা ও ছবি সেই নথি তৈরি করার সময়ের পরিপ্রেক্ষিতকে প্রতিফলিত করতে পারে।

***নির্দেশনা:*** পাঁচটি নথির প্রতিটি পড়ে বিশ্লেষণ করুন এবং একটি সুগঠিত রচনা লিখুন, যাতে ভূমিকা, কয়েকটি অনুচ্ছেদ ও একটি উপসংহার থাকবে। আপনার সমাজবিদ্যার জ্ঞান এবং নথি থেকে প্রাপ্ত প্রমাণের ভিত্তিতে প্রাসঙ্গিক তথ্য, উদাহরণ ও বিস্তারিত তথ্য সহকারে উত্তরটি সমর্থন করুন।

**কোনো দীর্ঘস্থায়ী সমস্যা হল এমন একটি প্রতিবন্ধকতা বা সমস্যা যা দীর্ঘকাল ধরে আলোচিত বা বিতর্কিত। দীর্ঘস্থায়ী সমস্যা হল এমন একটি সমস্যা, যেটি বহু সমাজে বিভিন্ন পর্যায়ের সফলতার সঙ্গে মোকাবিলা করার চেষ্টা করা হয়েছে।**

**কাজ:**

- এই নথির সেটগুলি থেকে প্রাপ্ত দীর্ঘস্থায়ী সমস্যা শনাক্ত করুন ***এবং*** তার ব্যাখ্যা প্রদান করুন।
- এই সমস্যা গুরুত্বপূর্ণ কেন, তা যুক্তি দিয়ে বলুন ***এবং*** এত সময়কাল ধরে এই সমস্যা কীভাবে থেকে গেছে, তা সমাজবিদ্যার বিষয়ে আপনার জ্ঞান এবং নথি থেকে প্রমাণ ব্যবহার করে লিখুন।

**আপনার রচনায় অবশ্যই**

- *অন্তত* ***তিনটি*** নথি থেকে ঐতিহাসিকভাবে নির্ভুল ব্যাখ্যার ভিত্তিতে দীর্ঘস্থায়ী সমস্যা শনাক্ত করুন
- *অন্তত* ***তিনটি*** নথি থেকে প্রাসঙ্গিক প্রমাণ সহ সমস্যাটি ব্যাখ্যা করুন
- এই গুরুত্বপূর্ণ সমস্যাটি দীর্ঘকাল ধরে রয়েছে, তা এগুলির মাধ্যমে বলুন:
  - সমস্যাটি কীভাবে মানুষকে প্রভাবিত করেছে বা মানুষের দ্বারা প্রভাবিত হয়েছে
  - সমস্যাটি কীভাবে সমস্যা হিসাবেই রয়ে গেছে বা সময়ের সাথে সাথে পরিবর্তিত হয়েছে
- আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে বাইরের থেকেও প্রাসঙ্গিক তথ্য অন্তর্ভুক্ত করুন

অংশ III-এর উত্তর দেওয়ার সময়, এই ব্যাখ্যাগুলি অবশ্যই মনে রাখবেন:

**শনাক্ত করুন—**মানে হল একটা নাম দেওয়া বা উল্লেখ করা।

**ব্যাখ্যা করুন—**মানে হল সরল করে বলা বা বোধগম্য করা বলা; কোনো কিছুর কারণ বলা বা কারণ দর্শানো; কোনো কিছুর যুক্তিসম্মত বিকাশ বা সম্পর্ক দেখানো।

**যুক্তি দিন—**মানে হল এমন বিবৃতি প্রদান করা, যা কোনো উপসংহারের সমর্থনে প্রমাণ ও কারণ প্রদান করে।

**নথি 1**

. . .রাশিয়ার বিভিন্ন শহরে, জারের বিরুদ্ধে অপরাধের অভিযোগে সন্দেহভাজন যে কাউকে পুলিশ গ্রেপ্তার করেছে, 38,000 তথাকথিত রাজনীতিবিদকে কারাবন্দী করেছে বা নির্বাসিত করেছে এবং আরও 5,000 জনকে মৃত্যুদণ্ড দিয়েছে। স্পষ্টভাষী কর্মীরা তাদের চাকরি হারিয়েছেন, তাদের নিয়োগকর্তারা তাদের পুনরায় নিয়োগের চেষ্টা করলে কারাবন্দী করার হুমকি দেওয়া হয়েছে। এমনকি শিশুরাও নিকোলাসের নিকোলস (Nicholas)-এর আতঙ্ক থেকে রেহাই পায়নি। পুলিশ নিয়মিতভাবে শ্রমিকদের বাচ্চাদের ধরে নিয়ে যেত এবং "তাদের একটি শিক্ষা দেওয়ার" জন্য মারধর করত।

শহরতলির অবস্থা আরও খারাপ ছিল। নিকোলাস নিকোলাস (Nicholas) শাস্তিমূলক অভিযান নামে পরিচিত কিছু অভিযান মঞ্জুর করেছিলেন, যার মাধ্যমে কঠোর, সুপ্রশিক্ষিত সৈন্যদের একটি দল সম্ভাব্য সবচেয়ে নৃশংস উপায়ে শৃঙ্খলা পুনরুদ্ধার করত। শহর বা গ্রামে ঢুকে এই সৈন্যরা এলোমেলোভাবে নাগরিকদের হত্যা করেছে, নির্দয়ভাবে পুরো সম্প্রদায়কে পুড়িয়ে দিয়েছে এবং মানুষকে আহত, গৃহহীন করে অনাহারে রেখেছে। "অকৃপণ হয়ে গুলি চালিও না" এই আদেশ তারা পেয়েছিল। আর তারা সেটা করেওনি।. . .

মাথা নত হল, শ্রমিকরা তাদের কারখানায় ফিরে গেল, কৃষকরা তাদের গ্রামে ফিরে গেল। তরবারি এবং চাবুকের জোরে, আবার শৃঙ্খলা আনা হল। একজন সম্ভ্রান্ত ব্যক্তির মনে পড়ে, নিম্ন শ্রেণীর লোকেরা আর তেমন কোনো বাড়াবাড়ি আচরণ করেনি, কিন্তু তাদের "সৌজন্য, বন্ধুত্ব, বিনম্র আচরণ [পাল্টে] হয়েছিল শত্রুতা [এবং] অভদ্রতা।" এখন কেবল ভয়ই মানুষকে নিজের জায়গায় স্থির রেখেছে। . . .

উৎস: Candace Fleming, *The Family Romanov* (দ্য ফ্যামিলি রোমানোভ), Schwartz & Wade Books, 2014

## নথি 2

. . .নাৎসিদের ক্ষমতা দখলের সময় নাগরিক স্বাধীনতা কতটা চরমভাবে ধ্বংস করা হয়েছিল তা মনে রাখা জরুরি। তৃতীয় রাইখ (Third Reich)-এ, নাৎসি পার্টি ছাড়া অন্য কোনও রাজনৈতিক দল বা গির্জা (এবং তাদের সহায়ক [অতিরিক্ত] সাধারণ সংগঠন) এবং সেনাবাহিনী ছাড়া অন্য কোনও ধরনের অ-নাৎসি সংগঠনের সাথে যুক্ত থাকা অবৈধ ছিল; হিটলা (Hitler)-র সম্পর্কে রসিকতা করা অবৈধ ছিল; সরকার সম্পর্কে গুজব ছড়ানো অবৈধ ছিল; রাজনৈতিক স্থিতাবস্থার বিকল্প নিয়ে আলোচনা করা অবৈধ ছিল। 1933 সালের 28শে ফেব্রুয়ারি রাইখস্ট্যাগ ফায়ার ডিক্রিতে পুলিশের চিঠি খোলা এবং টেলিফোন ট্যাপ করা এবং আদালতের আদেশ ছাড়াই তথাকথিত 'প্রতিরক্ষামূলক হেফাজতে' অনির্দিষ্টকালের জন্য আটকে রাখার বৈধতা দেওয়া হয়েছিল। একই ডিক্রি ওয়েইমার সংবিধান (Weimar Constitution)-এর ধারাগুলিও বাতিল [বিলুপ্ত] করে, যা সংবাদপত্রের স্বাধীনতা, সমাবেশের স্বাধীনতা, সমিতির স্বাধীনতা এবং মত প্রকাশের স্বাধীনতায় নিশ্চয়তা দেয়। সক্রিয়করণ আইন (Enabling Law) রাইখ চ্যান্সেলর এবং তার মন্ত্রী পরিষদকে আইনসভা বা নির্বাচিত রাষ্ট্রপতির অনুমোদন ছাড়াই ওয়েইমার (Weimar Constitution) সংবিধান লঙ্ঘনকারী আইন [ঘোষণা] করার অনুমতি দেয়। বিশেষ আদালত এবং গণআদালত কর্তৃক পরিচালিত অপরাধের ক্ষেত্রে বিচারিক আপিলের অধিকার কার্যকরভাবে বাতিল করা হয়েছিল। এই সব করেই রাজনৈতিক এবং সাধারণ ফৌজদারি অপরাধের জন্য বিপুল সংখ্যক অপরাধীকে কারাগারে পাঠানো হয়েছিল। 1937 সালে, আদালত চরম দেশদ্রোহের জন্য কম করেও 5,255 জনকে দোষী সাব্যস্ত করে। এই লোকজন, মৃত্যুদণ্ড থেকে কোনোভাবে বেঁচে গেলেও, তাদের প্রায়ই দীর্ঘ সময়ের জন্য রাষ্ট্রীয় কারাগারে রাখা হত। 1932 থেকে 1937 সাল পর্যন্ত কারাগারের জনসংখ্যা 69,000 থেকে বেড়ে 122,000 হয়েছিল। 1935 সালে, রাষ্ট্রীয় কারাগারের 23,000 বন্দী এবং সাজাপ্রাপ্তদের রাজনৈতিক অপরাধী হিসাবে শ্রেণীবদ্ধ করা হয়েছিল। কমিউনিস্ট এবং সোশ্যাল ডেমোক্র্যাটিক প্রতিরোধের পতন নিশ্চিত করে যে 1939 সালের শুরুতে এই সংখ্যা 50 শতাংশেরও বেশি কমে গিয়েছিল; তবুও, 1937 সালের পরে যখন শিবিরগুলি আবার প্রসারিত হয়েছিল, তখন শিবিরগুলিতে রাজনৈতিক অপরাধীদের সংখ্যার তুলনায় এরা অনেক বেশি তাৎপর্যপূর্ণ ছিল; এবার এরা মূলত রাজনৈতিক বিচ্যুতদের পরিবর্তে সামাজিক বিচ্যুতদের জন্য বন্দীশালা হিসেবে কাজ করেছিল। . . .

উৎস: Richard J. Evans, "Coercion and Consent in Nazi Germany" (নাৎসি জার্মানিতে জোরপূর্বক দমন ও সম্মতি), British Academy, 2007 (অভিযোজিত)

**নথি 3**

1958 সালের গ্রীষ্মে মাও (Mao) সমগ্র গ্রামীণ জনগোষ্ঠীকে "পিপলস কমিউন্স" (People's Communes) নামে নতুন এবং বৃহৎ ইউনিটে বিভক্ত করেন। লক্ষ্য ছিল দাস-চালিত গাড়ি চালানোকে আরও দক্ষ করে তোলা। তিনি নিজেই বলেছিলেন যে, সমগ্র চীনে 26,000-এরও বেশি কৃষকদেরকে কম সংখ্যক ইউনিটে কেন্দ্রীভূত করলে "এটি নিয়ন্ত্রণ করা সহজ।" প্রথম কমিউন, "ছায়াশান স্পুটনিক", তাঁর আদর্শ প্রদেশ হেনানে প্রতিষ্ঠিত হয়েছিল। এর সনদ, যা মাও (Mao) নিজে সম্পাদনা করেছিলেন এবং "একটি মহান সম্পদ" হিসাবে প্রচার করেছিলেন, তাতে বলা হয়েছিল যে এটির সদস্যদের জীবনের প্রতিটি দিক কমিউন দ্বারা নিয়ন্ত্রিত হবে। 9,369টি পরিবারের সবাইকে "তাদের ব্যক্তিগত জমি. . . . তাদের ঘরবাড়ি, পশুপাখি এবং গাছপালা সম্পূর্ণরূপে হস্তান্তর করতে হয়েছিল।" "উৎপাদন ও নিয়ন্ত্রণ লাভের নীতি অনুসারে" তাদের ডরমিটরিতে থাকতে হত; এবং সনদে প্রকৃতপক্ষে শর্ত দেওয়া হয়েছিল যে "কমিউনের ইট, টাইলস বা কাঠের প্রয়োজন হলে" তাদের বাড়িগুলি "ভাঙা" হবে। প্রতিটি কৃষকের জীবন অবশ্যই "শ্রম" কেন্দ্রিকভাবে আবর্তিত হবে। সকল সদস্যকে সেনাবাহিনীর সদস্য হিসেবে বিবেচনা করা হত, যেখানে তিন স্তরের রেজিমেন্টেশন ব্যবস্থা ছিল: কমিউন, ব্রিগেড, প্রোডাকশন টিম (সাধারণত একটি গ্রাম)। কৃষকদের হাতে নগণ্য পরিমাণ [তাৎপর্যহীন] নগদঅর্থ রাখার অনুমতি দেওয়া হয়েছিল। কমিউনগুলি কার্যত [প্রকৃতপক্ষে] দাস-শ্রমিকদের শিবির ছিল। . . .

শ্রম-শিবির সংস্কৃতির উপযোগী করে, বন্দীদের ক্যান্টিনে খেতে হত। কৃষকদের কেবল বাড়িতে খাওয়াই নিষেধ করা হয়নি, তাদের হাঁড়ি এবং চুলাও ভেঙে ফেলা হয়েছিল। খাদ্যের উপর সম্পূর্ণ নিয়ন্ত্রণ রাষ্ট্রকে এক ভয়ঙ্কর অস্ত্র তুলে দেয়, এবং খাদ্য আটকে রাখা "হালকা" শাস্তির একটি সাধারণ রূপে পরিণত হয়, যা তৃণমূল পর্যায়ের কর্মকর্তারা তাদের ইচ্ছানুসারে যে কারো বিরুদ্ধে প্রয়োগ করতে পারতেন। . . .

উৎস: Chang এবং Halliday, *Mao: The Unknown Story* (মাও: অজানা কাহিনী), Anchor Books, 2006

**নথি 4**

1960 সালের 21শে মার্চ, দক্ষিণ আফ্রিকার শার্পভিলের কৃষ্ণাঙ্গ জনপদে পুলিশ কর্মকর্তারা নিপীড়নমূলক আইন পাসের বিরুদ্ধে শান্তিপূর্ণভাবে প্রতিবাদকারী একদল লোকের উপর গুলি চালায়, যার ফলে 69 জন নিহত হয়।



উৎস: Peter Magubane, 1960

**নথি 5**

2008 সালের রমজান মাস ছিল সবচেয়ে খারাপ সময়ের মধ্যে একটি। রমজান মাসে দিনের আলোতে কোন খাবার বা পানীয় একজন মুসলমানের ঠোঁট অতিক্রম করতে পারে না। তালেবানরা বিদ্যুৎ কেন্দ্রে বোমা হামলা চালায়, তাই আমাদের কোনো বিদ্যুৎ ছিল না, তারপর কয়েকদিন পর তারা পাইপলাইনটিও বিস্ফোরিত করে, তাই আমাদের গ্যাসও ছিল না। বাজার থেকে যে গ্যাস সিলিন্ডার কিনতাম তার দাম দ্বিগুণ হয়ে গেল, তাই আমার মাকে গ্রামের লোকের মতোই আগুন জ্বালিয়ে রান্না করতে হত। উনি অভিযোগ করেননি—খাবার তো রান্না করতেই হবে, তাই তিনি রান্না করেছিলেন, তবে আমাদের চেয়েও খারাপ অবস্থায় অন্যরা ছিল। কিন্তু কোনো বিশুদ্ধ জল ছিল না এবং মানুষ কলেরায় মারা যেতে শুরু করল। হাসপাতালে সমস্ত রোগী রাখার জায়গা কুলোচ্ছিল না, লোকদের চিকিৎসার জন্য বাইরে বড় বড় তাঁবু তৈরি করতে হয়েছিল।

আমাদের বাড়িতে কোনও জেনারেটর না থাকলেও বাবা স্কুলে লাগানোর জন্য একটি জেনারেটর কিনেছিলেন, আর একটি বোরহোল থেকে বিশুদ্ধ জল পাম্প করা হত, যা পাড়ার সমস্ত শিশুরা মিলে সংগ্রহ করতে যেত। প্রতিদিন জগ, বোতল এবং ড্রাম ভর্তি করার জন্য মানুষ লাইনে অপেক্ষায় থাকত। প্রতিবেশীদের একজন ভয় পেয়ে গেলেন। "আমরা কী করছি?" উনি বলে উঠলেন। "যদি তালিবানরা জানতে পারে যে আপনারা রমজান মাসে জল দিচ্ছেন, তাহলে তারা আমাদেরকেও বোমা দিয়ে মেরে ফেলবে!"

আমার বাবা উত্তরে বলেছিলেন মানুষ হয় তৃষ্ণায় মরবে নয়তো বোমা হামলায়। . . .

উৎস: Yousafzai এবং Lamb, *I Am Malala* (আমি মালালা) , Little, Brown and Company, 2013

**এই পৃষ্ঠা ইচ্ছাকৃতভাবে ফাঁকা রাখা হয়েছে।**

## ঐচ্ছিক পরিকল্পনার পৃষ্ঠা

## দীর্ঘস্থায়ী সমস্যা সংক্রান্ত রচনা পরিকল্পনার পৃষ্ঠা

আপনি চাইলে আপনার উত্তর ভাবার জন্য প্ল্যানিং পেজ অর্গানাইজার ব্যবহার করতে পারেন, কিন্তু এই পৃষ্ঠায় আপনার রচনার উত্তর লিখবেন না। এই পরিকল্পনার পৃষ্ঠায় লিখলে তা আপনার চূড়ান্ত স্কোরে গণনা করা হবে **না**।

আমার দীর্ঘস্থায়ী সমস্যা হল:____________________________________________

| **রচনার প্রয়োজনীয়তা** | **হ্যাঁ** | **যে নথিগুলি লাগবে সেগুলির চারপাশে বৃত্ত আঁকুন** | **বাইরের তথ্যের জন্য একটি বা দুটি সম্ভাব্য ধারণা দিন** |
|---|---|---|---|
| এই সমস্যাটি কি *অন্তত* ***তিনটি*** নথি দ্বারা সমর্থিত?<br><br>কোন কোন নথি এই সমস্যাকে সমর্থন করছে? | | 1 2 3 4 5 | |
| এই সমস্যা নিয়ে ব্যাখ্যা তৈরি করতে কোন কোন নথি ব্যবহার করা যেতে পারে? | | 1 2 3 4 5 | |
| সমস্যাটি কি মানুষকে উল্লেখযোগ্যভাবে প্রভাবিত করেছে বা মানুষের দ্বারা প্রভাবিত হয়েছে?<br><br>কোন নথিতে বা নথিগুলিতে আপনি তা দেখেছেন? | | 1 2 3 4 5 | |
| এই সমস্যা কি দীর্ঘ সময় ধরে রয়ে গেছে বা সময়ের সাথে সাথে পরিবর্তিত হয়েছে?<br><br>কোন নথিতে বা নথিগুলিতে আপনি তা দেখেছেন? | | 1 2 3 4 5 | |

কাজটি পর্যালোচনা করার জন্য আবার পৃষ্ঠা 24-এ ফিরে যান।

রচনা পুস্তিকাটির লাইন টানা পৃষ্ঠাগুলিতে আপনার রচনা লিখুন।

GLOBAL HISTORY AND GEOGRAPHY II BENGALI EDITION

পুনর্ব্যবহারযোগ্য কাগজে মুদ্রিত হয়েছে

GLOBAL HISTORY AND GEOGRAPHY II BENGALI EDITION